



পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

জনসংযোগ দপ্তর

ফোন : ০৭৩১-৬৪৯৮১
ফ্যাক্স: ০৭৩১-৬৫১৩৪

প্রেস রিলিজ

তারিখঃ ২২/০৩/২০১৯

পাবিত্রবিতে আর্থিক ব্যবস্থাপনা বিষয়ক দুইদিনব্যাপী কর্মশালা শুরু

(২২/০৩/২০১৯)ঃ পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে আজ শুক্রবার 'ওয়ার্কশপ অন এপ্লিকেশন অফ ফিন্যানশিয়াল ম্যানেজমেন্ট' শীর্ষক দুইদিনব্যাপী কর্মশালা শুরু হয়েছে। অর্থ ও হিসাব বিভাগ কর্তৃক আয়োজিত এ কর্মশালায় বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন অনুষদের ডিন এবং বিভিন্ন বিভাগের চেয়ারম্যানবৃন্দ অংশগ্রহণ করছেন।



পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে 'ওয়ার্কশপ অন এপ্লিকেশন অফ ফিন্যানশিয়াল ম্যানেজমেন্ট' শীর্ষক দুইদিন ব্যাপি কর্মশালায়

শুক্রবার সকাল ৯টায় লাইব্রেরি ভবনের তৃতীয় তলায় অবস্থিত ভারুয়াল অডিটোরিয়ামে বিশ্ববিদ্যালয়ের ইনস্টিটিউশনাল কোয়ালিটি এ্যাসুরেন্স সেল (আইকিউএসি) এর সহযোগিতায় আয়োজিত আর্থিক ব্যবস্থাপনা বিষয়ে কর্মশালা উদ্বোধন অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন মাননীয় উপাচার্য প্রফেসর ড. এম রোস্তম আলী, বিশেষ অতিথি ছিলেন মাননীয় উপ-উপাচার্য প্রফেসর ড. মোঃ আনোয়ারুল ইসলাম এবং অনুষ্ঠানের সভাপতিত্ব করেন মাননীয় কোষাধ্যক্ষ প্রফেসর ড. আনোয়ার খসরু পারভেজ। রিসোর্স পার্সন ছিলেন ইউজিসির অর্থ বিভাগের পরিচালক রেজাউল করিম হাওলাদার।

উপাচার্য প্রফেসর ড. এম রোস্তম আলী কর্মশালার উদ্বোধন করেন এবং কর্মশালার সার্বিক সাফল্য কামনা করেন। এ কর্মশালা থেকে প্রাপ্ত অর্থ সংক্রান্ত আইনগত জ্ঞান এবং প্রায়োগিক পদ্ধতি কাজে লাগিয়ে বিশ্ববিদ্যালয়ের আর্থিক ব্যবস্থাপনা আরো সহজ ও নির্বিঘ্ন হবে বলে তিনি আশা ব্যক্ত করেন।



পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

জনসংযোগ দপ্তর

ফোন : ০৭৩১-৬৪৯৮১
ফ্যাক্স: ০৭৩১-৬৫১৩৪

উপ-উপাচার্য প্রফেসর ড. মোঃ আনোয়ারুল ইসলাম বলেন, উন্নয়নের জন্য সঠিক অর্থ ব্যবস্থাপনা অত্যন্ত গুরুত্বপূর্ণ। অর্থ ব্যবস্থাপনার মাধ্যমে সরকারী নিয়ম কানুন সম্পর্কে আমরা আরো বেশি অবগত হতে পারবো। প্রতিটি কাজ আমাদের পরিকল্পনা মাফিক এবং সার্বিক উন্নয়নের জন্য সবাইকে নিয়ে একসাথে কাজ করতে হবে।

কোষাধ্যক্ষ প্রফেসর ড. আনোয়ার খসরু পারভেজ বলেন এই ধরনের কর্মশালার মাধ্যমে আমরা দক্ষ মানব সম্পদ গড়ে তুলতে পারবো। বিভিন্ন অনুষদ, বিভাগ ও প্রশাসনের আর্থিক কর্মকাণ্ডে সমন্বয় সাধনের জন্য এ ধরনের কর্মশালা অত্যন্ত প্রয়োজন। তিনি অংশগ্রহণকারী সকলকে ফুল দিয়ে শুভেচ্ছা জানান।

রিসোর্স পার্সন রেজাউল করিম হাওলাদার বলেন, অর্থ ব্যবস্থাপনার মাধ্যমে সরকারী নিয়ম কানুন সম্পর্কে আমরা আরো বেশি অবগত হতে পারবো। প্রতিটি কাজ পরিকল্পনা মাফিক করার জন্য এবং সার্বিক উন্নয়নের জন্য আর্থিক ব্যবস্থাপনা সম্পর্কে এবং এ সংক্রান্ত আইন সম্পর্কে জানতে হবে।

আইকিউএসি এর প্রশাসনিক কর্মকর্তা সানজিদা শারমিন এর সঞ্চালনায় এ অনুষ্ঠানে আরো উপস্থিত ছিলেন প্রক্টর ড. প্রীতম কুমার দাস, ছাত্র উপদেষ্টা আরিফ ওবায়দুল্লাহ, ইনস্টিটিউশনাল কোয়ালিটি অ্যাসুরেন্স সেল এর পরিচালক ড. মোহাম্মদ নাজমুল ইসলামসহ বিভিন্ন দপ্তরের কর্মকর্তারা। সকাল নয়টায় শুরু হয়ে বিকাল পাঁচটা পর্যন্ত কর্মশালা চলে। আগামীকাল শনিবার কর্মশালা শেষ হবে।

বার্তা প্রেরক

(মোঃ ফারুক হোসেন চৌধুরী)

সহকারী পরিচালক, জনসংযোগ দপ্তর

পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, পাবনা।